



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীয়বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০২৫/১০৩৮৪

তারিখ : ৩১/০৩/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

২০২৫ সালের অনার্স ২য় বর্ষ ইনকোর্স পরীক্ষার তারিখ ও নম্বর প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনার্স ২য় বর্ষের শিক্ষার্থীদের ১ম এবং ২য় ইনকোর্স পরীক্ষা নিম্নবর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

(ক)	১ম ইনকোর্স পরীক্ষা	০৬/০৪/২০২৬ থেকে ২৩/০৪/২০২৬ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে।
(খ)	২য় ইনকোর্স পরীক্ষা	০৩/০৫/২০২৬ থেকে ১৮/০৫/২০২৬ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে।
(গ)	ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রির তারিখ	০৭/০৬/২০২৬ থেকে ১৭/০৬/২০২৬ পর্যন্ত।

ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র ও হাজিরশিট গালাসিল করে পরিচালক আঞ্চলিক কেন্দ্র/অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে হাতে হাতে/ডাকযোগে ০৪/০৬/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

ওয়েবসাইট <http://info.nu.ac.bd> এ Marks Entry Menu থেকে Course Select করার পর Incourse Marks Entry Click করে Marks Entry দিতে পারবে। Password সংগ্রহের জন্য College Portal (<http://collegeportal.nu.ac.bd>) এ Login করে Notification মেনুতে ক্লিক করলে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ইনকোর্স পরীক্ষার নম্বর নির্ধারিত সময়ের পর এন্ট্রি করা যাবে না এবং লিংক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। যে সকল নিয়মিত পরীক্ষার্থীর ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রি দেয়া থাকবে শুধুমাত্র তাদেরই তথ্য ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের জন্য Probable লিস্টে থাকবে।

ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী :

- ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বণ্টন করতে হবে;
- ক) ইনকোর্স পরীক্ষার নম্বর ১৫% ও ক্লাসে উপস্থিতির জন্য ০৫% এর মধ্যে মূল্যায়ন করতে হবে। একজন পরীক্ষার্থী দুটি ইনকোর্স পরীক্ষার গড় নম্বর ৪০% না পেলে ঐ পরীক্ষার্থী চূড়ান্তভাবে ফরম পূরণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
খ) একজন পরীক্ষার্থী ক্লাশে কমপক্ষে ৬০% উপস্থিতি না থাকলে (নূন্যতম ০৩ নম্বর পেতে হবে) সে চূড়ান্তভাবে ফরম পূরণের জন্য যোগ্য বিবেচিত হবে না।
গ) যে সকল পরীক্ষার্থী ইতিপূর্বে পরীক্ষা দিয়ে কোন কোর্সে অকৃতকার্য হয়েছে বা যে সকল পরীক্ষার্থী মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের ইনকোর্স পরীক্ষা দেওয়ার প্রয়োজন নাই। তাদের পূর্বের ইনকোর্স নম্বর সংক্রিয়ভাবে সংযোজিত হবে।
- সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে;
- সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবেন;
- ১ম ইনকোর্স পরীক্ষার মার্কস ও ২য় ইনকোর্স পরীক্ষার মার্কস গড় করে চূড়ান্ত মার্কস তৈরি করে অনলাইন-এ সাবমিট করতে হবে।
- ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। একবার ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার পর তা পরিবর্তন বা নতুন করে ইনপুট দেয়া যাবে না;
- ০২ (দুই) টি ইনকোর্স পরীক্ষার খাতা পৃথক পৃথক প্যাকেট করে একসঙ্গে পাঠাতে হবে।

প্যাকেটের উপর বড় করে “২০২৫ সালের অনার্স ২য় বর্ষ ইনকোর্স পরীক্ষা” লাল কালিতে লিখতে হবে।

যে কোন প্রয়োজনে অনার্স ২য় বর্ষ শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির সাথে যোগাযোগ :

- (ক) জনাব মো: আব্দুর রহিম, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ০১৭১২-৭০৭৭৭৫
(খ) জনাব কামরুজ্জামান, সেকশন অফিসার-০১৭১২-৬৩৭৯৪৪
(গ) জনাব প্রদীপ কুমার সমদার-০১৭৬০-০৫৫৯৯০

অনলাইন সংক্রান্ত টেকনিক্যাল সাপোর্ট এর জন্য যোগাযোগ :

- (ক) matiar.rahman@nu.ac.bd
(খ) Whatsapp : 01713-114386 (শুধুমাত্র ম্যাসেজ লেখার জন্য)

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর :

আঞ্চলিক কেন্দ্রের নাম	ঠিকানা
আঞ্চলিক কেন্দ্র, রংপুর	বিনোদপুর(পাইকাড় পাড়া), মৌজা-আলমনগর, ওয়ার্ড নং-১৪, রংপুর সিটি কর্পোরেশন, ফোন-০৫২১-৫৬০১৫, ০১৭১২-৬০২৩৮৬
আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী	বাড়ী # ৩৫৪, বড় বটতলা, বালিয়া পুকুর, ঘোড়ামারা, রাজশাহী-৬১০০, মোবাইল-০১৭২১-৭৬২১৪১, ০১৭১৩-০৩৩২৭৬
আঞ্চলিক কেন্দ্র, বগুড়া	মাটিডালী মোড়, বারপুর (ডায়ালটিক হাসপাতাল সংলগ্ন), বগুড়া, মোবাইল-০১৯১২-৪০৮৫৭০
আঞ্চলিক কেন্দ্র, সিলেট	আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট, মোবাইল-০৮২১-৭২৯১০২, ০১৭৩০-৭৯৫৮৯৭, ০১৬৭৪০৮২৫৯৯
আঞ্চলিক কেন্দ্র, হবিগঞ্জ	হোল্ডিং # ৩৩, ওয়ার্ড নং-০২, দাউদনগর বাজার, ডাকঘর+থানা+পৌরসভা: শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ, মোবাইল-০১৭১৬৫৬৩৮৩৭
আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম	ভাটিয়ারী লিংক রোড (রেল লাইন সংলগ্ন) বড় দিঘীরপাড়, হাটহাজারী রোড, চট্টগ্রাম, মোবাইল-০১৫২১৫৩৬১২৮
আঞ্চলিক কেন্দ্র, বরিশাল	ওয়ার্ড # ২৪, পটুয়াখালী সড়ক, রূপাতলী (সোনারগাঁও টেক্সটাইল-এর বিপরীতে), বরিশাল, মোবাইল-০১৭১১-৪৩০২৫৫
আঞ্চলিক কেন্দ্র, খুলনা	বাড়ী # ২৭৭, রোড-০১, কেউএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০, মোবাইল-০১৭৩০-৭৯৫৮৯১
আঞ্চলিক কেন্দ্র, কুমিল্লা	বাড়ী # ১০/ক, ব্লক-এফ, সেকশন-১, হাউজিং এস্টেট, আদর্শ সদর, কুমিল্লা-৩৫০০, মোবাইল-০১৭৫৯-১১৮০৮৮
আঞ্চলিক কেন্দ্র, বিনাইদহ	হোল্ডিং # ১০৭৩, চুয়াডাঙ্গা রোড, থানা-বিনাইদহ সদর, জেলা- বিনাইদহ।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।